

আরবিআই/২০১০-১১/৮২

আরপিসিডি.সিও.এফআইডি.বিসি.নং.২৪৩৩/১২.০১.০১২/২০১০-১১

আগস্ট ২৬, ২০১০

সভাপতি ও পরিচালন অধিকর্তা /  
মুখ্য নিব্বাহী আধিকারিক  
সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক

প্রিয় মহাশয়,

### বিভিন্ন সরকারি বৃত্তি গ্রহণের জন্য ছাত্রদের দ্বারা নো-ক্রিডস একাউন্ট খোলা

সচিব, ভারত সরকার, সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক দ্বারা আমাদের নজরে আনা হয়েছে যে সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্রগণ মন্ত্রক দ্বারা প্রদত্ত বিভিন্ন বৃত্তি গ্রহণের জন্য নো-ক্রিডস একাউন্ট খুলতে গেলে ব্যাঙ্কগুলি অস্বীকার করছে। এর ফলে সরকারি বৃত্তি প্রকল্পের আবেদনকারীরা অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং এই ঘটনা সমালোচিত হচ্ছে।

২. এই সম্পর্কিত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কগুলি কর্তৃক নো-ক্রিডস একাউন্ট খোলার বিষয়ে আমাদের নভেম্বর ১১, ২০০৫ তারিখাঙ্কিত সার্কুলার ডিবিওডি.লেগ.বিসি.৪৪/০৯.০৭.০০৫/২০০৫-০৬-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করি। আরও উল্লেখ করি সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের জন্য অগ্রাধিকার ক্ষেত্রের অধীন ঋণদান সুবিধা প্রদান করা সংক্রান্ত জুলাই ১, ২০১০ তারিখাঙ্কিত আমাদের মূল সার্কুলার আরপিসিডি.এসপি.বিসি.নং.৪/০৯.১০.০১/২০১০-১১-র যাতে বলা হয়েছে যে সরকারি পৃষ্ঠপোষকতায় বিশেষ কার্যসূচির অন্তর্গত সুবিধাগুলি যেন ন্যায্য এবং যথাযথভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষেরা গ্রহণ করতে পারেন সেই ব্যাপারে তারা যেন যত্নশীল হন।

৩. আপনাদের আরও বলা হচ্ছে যে নো-ক্রিডস একাউন্ট অথবা সংখ্যালঘু সম্প্রদায় বা অন্যান্য পিছিয়ে পড়া গোষ্ঠীগুলির ছাত্রদের জন্য চালু করা একাউন্টসমূহ, সরকার দ্বারা প্রদত্ত বিভিন্ন বৃত্তি বা সুবিধাগুলি গ্রহণ করার জন্য তারা যখন খুলতে আসবে, খোলার বিষয়টি আপনারা সুনিশ্চিত করবেন। তথাপি, কে ওয়াই সি বিধিগুলি মেনে একাউন্ট খুলতে হবে।

আপনার বিশ্বস্ত

(সুষমা ভিজ)  
উপ মহাপ্রবন্ধক